দামুড়হুদায় বিশ্ব এন্টিমাইক্রোবিয়াল রেসিস্ট্যান্স সচেতনতা সপ্তাহ পালিত

“সকলে মিলে বিশ্ব এন্টিমাইক্রোবিয়াল রেসিস্ট্যান্স প্রতিরোধ করি” এই স্লোগানকে সামনে রেখে দামুড়হুদা উপজেলার প্রাণিসম্পদ ও দামুড়হুদা ভেটেনারি হাসপাতালের আয়োজনে বিশ্ব এন্টিমাইক্রোবিয়াল রেসিস্ট্যান্স পালিত হয়েছে।

আজ বুধবার সকাল সাড়ে ১০ টার সময় উপজেলার প্রাণিসম্পদ অফিসের হলরুমে কৃষিবিদ নীলিমা আক্তার হ্যাপীর সভাপতিত্বে শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ভেটিনারী সার্জন ডাঃ নাজমুল হাসান শাওন, ডাঃ বনানী আক্তার প্রাণিস্পদ সম্পাসারন কর্মকর্তা (এলডিডিপি), দামুড়হুদা সদর ইউনিয়নের এল এস পি রফিকুল, জুড়ানপুর ইউনিয়নের এলএসপি সাদিক হাসান, নতিপোতা ইউনিয়নের এলএসপি ছানোয়ার হোসেন, নাটদাহ ইউনিয়নের এলএসপি নুরজামাল হোসেন, কার্পাসডাঙ্গা ইউনিয়নের এলএসপি বিল্লাল হোসেন, কুড়ুলগাছি ইউনিয়নের এলএসপি ওয়ায়েছ কুরুনী পারকৃষ্টপুর মদনা ইউনিয়নের এলএসপি তাফহিমুর রহমান হাউলী ইউনিয়নের এলএসপি শাজাহান আলী। কৃত্রিম প্রজনন কর্মী বিভিন্ন কোম্পানির প্রতিনিধি বৃন্দ।

দামুড়হুদায় জাতীয় পরিসংখ্যান দিবস পালিত

“পরিসংখ্যান ব্যবহার উন্নয়ন, স্মার্ট বাংলাদেশ গঠন এই প্রতিপাদ্যকে সামনে রেখে” দামুড়হুদায় জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৩

পালিত হয়েছে।

এ উপলক্ষে সোমবার সকাল সাড়ে ৯টার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা পরিসংখ্যান অফিসের আয়োজনে উপজেলা চত্বরে র্যালী ও নির্বাহী অফিসারের কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, পরিসংখ্যান তদন্তকারী জিল্লুর রহমান, যুব উন্নয়ন অফিসার আব্দুল্লাহ আল মামুন, সমবায় অফিসার হারুন অর রসিদ, হিসাব রক্ষণ সুপার হাবিবুর রহমান, মৎস অফিসার হামিদুর রহমানসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।